

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)  
পরিসংখ্যান বিভাগ  
১ জহির রায়হান সড়ক, ঢাকা-১২০৫।  
www.banbeis.gov.bd

২০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ০৫ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.২০.০০০০.০০৩.৩১.১০৭.২৩.৪৫

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২৩ এর আওতায় ইআইআইএন (EIIN) বহির্ভূত শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, স্কুল এন্ড কলেজ, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ভোকেশনাল এবং কওমী মাদ্রাসা) তথ্য সংগ্রহের নির্দেশনা প্রদান সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) দেশের শিক্ষা ক্ষেত্রে সকল প্রাথমিকোত্তর স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষাতথ্য ও পরিসংখ্যান সংগ্রহ, সংকলন এবং বিতরণের একমাত্র সরকারি সংস্থা। শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের প্রয়োজন। শিক্ষা সংশ্লিষ্ট পরিকল্পনা প্রণয়ন ও শিক্ষা ব্যবস্থাপকগণের চাহিদা অনুযায়ী নির্ভুল তথ্য সরবরাহ নিশ্চিত করা, SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতসহ শিক্ষা ক্ষেত্রে সঠিক, নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের গুরুত্ব অপরিসীম। এ লক্ষ্যে প্রতিবছর দেশের ইআইআইএন (EIIN)'ভুক্ত (স্কুল, স্কুল এন্ড কলেজ, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ভোকেশনাল, শিক্ষক প্রশিক্ষণ, পেশাগত, ইংলিশ মিডিয়াম এবং বিশ্ববিদ্যালয়) প্রায় ৩৬৬৩২ প্রাথমিকোত্তর স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠান থেকে ব্যানবেইস Online Software ব্যবহারের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে থাকে। ইআইআইএন (EIIN)'ভুক্ত প্রাথমিকোত্তর স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহ ও প্রক্রিয়াকরণ করে Bangladesh Education Statistics ও SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রকাশ এবং UNESCO INSTITUTE for STATISTICS (UIS) সহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থায় তথ্য প্রদান করা হয়।

২। ইআইআইএন (EIIN)'ভুক্ত প্রাথমিকোত্তর স্তরের শিক্ষা প্রতিষ্ঠান ছাড়াও ইআইআইএন (EIIN) বহির্ভূত (স্কুল, স্কুল এন্ড কলেজ, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ভোকেশনাল এবং কওমী মাদ্রাসা) বিপুল পরিমাণ শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে, যগুলোর তথ্য Bangladesh Education Statistics সহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থায় উপস্থাপন সম্ভব হচ্ছে না। ফলে E-Government Development Index (EGDI) ও অন্যান্য আন্তর্জাতিক সূচকে বাংলাদেশের শিক্ষা খাতের অবস্থান যথাযথভাবে প্রতিফলন ব্যহত হচ্ছে।

৩। দেশের শিক্ষা খাতের প্রকৃত চিত্র তুলে ধরার মাধ্যমে আন্তর্জাতিক অঙ্গনে এর যথার্থ অবস্থান প্রতিফলনের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় এর মাননীয় মন্ত্রী ও উপ মন্ত্রীর নির্দেশনায় বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) বর্তমান বছর থেকে ইআইআইএন (EIIN) বহির্ভূত (স্কুল, স্কুল এন্ড কলেজ, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ভোকেশনাল এবং কওমী মাদ্রাসা) শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য Online Software ব্যবহারের মাধ্যমে সংগ্রহ করার উদ্যোগ গ্রহণ করেছে। সে লক্ষ্যে প্রয়োজনীয় Software প্রস্তুত করে ব্যানবেইস এর ওয়েবসাইটে ইতোমধ্যে আপলোড করা হয়েছে।

৪। শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্য, Bangladesh Education Statistics ও SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রকাশ এবং UNESCO INSTITUTE for STATISTICS (UIS) সহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থায় তথ্য প্রদানের গুরুত্ব বিবেচনায় প্রাথমিকোত্তর স্তরের ইআইআইএন (EIIN) বিহীন শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, স্কুল এন্ড কলেজ, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ভোকেশনাল এবং কওমী মাদ্রাসা) <http://banbeis.gov.bd> এই ওয়েব সাইটে শিক্ষা জরিপ ২০২৩ এ প্রবেশ করে তথ্য প্রদান করতে হবে। **তথ্য সংগ্রহ আগামী ৩০ অক্টোবর ২০২৩ তারিখ পর্যন্ত Online Software ব্যবহারের মাধ্যমে সংগ্রহ করা হবে।** ব্যানবেইসের নতুন এ উদ্যোগ সফলভাবে বাস্তবায়নের জন্য শিক্ষা খাতের সকল অংশীজনের সর্বাঙ্গিক সহযোগিতার প্রয়োজন রয়েছে।

৫। এমতাবস্থায়, ইআইআইএন (EIIN) বহির্ভূত শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, স্কুল এন্ড কলেজ, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ভোকেশনাল এবং কওমী মাদ্রাসা) তথ্য সংগ্রহ কার্যক্রমে প্রয়োজনীয় সহযোগিতা/নির্দেশনা প্রদানের জন্য সনির্বন্ধ অনুরোধ জানানো যাচ্ছে।



০৫-১০-২০২৩  
মোঃ মুহিবুর রহমান  
মহাপরিচালক

**বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। সকল বিভাগীয় কমিশনার;
- ২। সকল জেলা প্রশাসক;
- ৩। সকল উপজেলা নির্বাহী অফিসার;
- ৪। জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা) এবং
- ৫। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।

স্মারক নম্বর: ৩৭.২০.০০০০.০০৩.৩১.১০৭.২৩.৪৫/১ (৬)

২০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ০৫ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;
- ২। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়;
- ৩। সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
- ৪। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
- ৫। পরিচালক, পরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এবং
- ৬। ব্যানবেইস।



০৫-১০-২০২৩  
শেখ মোঃ আলমগীর  
চীফ, পরিসংখ্যান বিভাগ